বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-২১ | তারিখঃ ২৫ আগস্ট, ২০২১

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**অনিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে উৎসে মূসক কর্তন বিবরণী দাখিল প্রসঙ্গে**

শিরোনামোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ২৪ জুন, ২০২১ তারিখে জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভায় অনিবাসী কর্তৃক সরবরাহকৃত সেবার বিপরীতে মূসক কর্তন বিষয়ে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তগুলোর মধ্যে (ঙ) অনুচ্ছেদে উল্লিখিত সিদ্ধান্ত নিম্নরূপঃ

"Facebook, Google ও Amazon এবং এ ধরণের অনাবাসিক ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে উৎসে কর্তিত মূসক এর হিসাব বিবরণী প্রতি মাসের পরবর্তী ৭ দিনের মধ্যে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে এবং সংশ্লিষ্ট মূসক এজেন্টের নিকট প্রেরণ করবে। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করবে"।

০২। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী Facebook, Google ও Amazon এবং এ ধরণের অনিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত সেবার বিপরীতে সাধারণ প্রাধিকারের আওতায় কিংবা বাংলাদেশ ব্যাংকের বিশেষ অনুমতি সাপেক্ষে বিদেশে প্রেরিত রেমিট্যান্সের উপর উৎসে কর্তিত মূসকের হিসাব বিবরণী (পরিশিষ্ট-ক) অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়ের মাধ্যমে পরবর্তী মাসের ৭ দিনের মধ্যে সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড ও সংশ্লিষ্ট মূসক এজেন্ট বরাবরে প্রেরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০১২৩

**Statement of VAT deducted and paid against service provided by non-residents**

**For the month of ……………**

| Sl. No. | Date of remittance | Name of remitters & addresses | Invoice Amount in USD | Remitting amount in USD/other currency | Remitting amount in BDT | Bank branches | Name of the beneficiaries & addresses | VAT at source | | VAT payment reference | Date | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | (USD) | (Taka) | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | Total | | | | | | | | | | |

Signature:
Name:
Designation:
Date:
PA No.

Signature:
Name:
Designation:
Date:
PA No.